দৈনিক ইত্তেফাক

তারিখ ১৯ APR 2017
পৃষ্ঠা ৬ কলাম ১

# জাবিতে বিজ্ঞপ্তি ছাড়াই কর্মকর্তা নিয়োগ

■ জাবি সংবাদদাতা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) ফের কোনো রকম বিজ্ঞপ্তি ছাড়াই প্রশাসনিক কর্মকর্তা পদে একজনকে নিয়োগ দেওয়ার অভিযোগ উঠেছে বিশ্ববিদ্যালয় প্রশাসনের বিরুদ্ধে। এ নিয়োগ প্রক্রিয়ার কারণে শিক্ষকদের মধ্যে ব্যাপক সমালোচনার সৃষ্টি হয়েছে।

জানা যায়, মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. মোহাম্মদ আলাউদ্দিনের মেয়ে আলেয়া ফেরদৌসিকে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। আলাউদ্দিন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের সভাপতি এবং মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিসি। যিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় অ্যাকটের ১৯ (১) (ই) ধারা অনুযায়ী সিনেট এবং একই সঙ্গে অ্যাকটের ২২ (১) (জি) ধারা অনুযায়ী সিন্ডিকেট সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন।

এছাড়া তিনি এই বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের ছাত্র ছিলেন। নিয়োগ বিজ্ঞপ্তি ছাড়াই বিশ্ববিদ্যালয় ভিসি অধ্যাপক ফারজানা ইসলাম নিজ ক্ষমতাবলে অধ্যাপক ড. মোহাম্মদ আলাউদ্দিনের মেয়ে আলেয়া ফেরদৌসিকে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা হিসেবে নিয়োগ দিয়েছেন। ইতোমধ্যে তিনি কাজে যোগদানও করেছেন বলে জানা যায়।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের শিক্ষক অধ্যাপক এ এস এম আনোয়ারুল্লাহ ভুঁইয়া ক্ষোভ প্রকাশ করে ইত্তেফাক'কে বলেন, বিশ্ববিদ্যালয়ে প্রত্যেকটা নিয়োগে দায়িত্ববোধ থাকা উচিত। নীরবে কোনো বিজ্ঞপ্তি ছাড়া কাউকে নিয়োগ দেওয়া কখনো কাম্য হতে পারে না।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয় ভিসি অধ্যাপক ফারজানা ইসলামকে একাধিকবার ফোন করা হলেও তিনি ফোন ধরেননি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং................................
তারিখ................................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
কার্যার্থে/অবগতার্থে
স্বাক্ষর